# ভূমিকা

১৮৬৫ খ্রীষ্টাব্দে বঙ্কিমচন্দ্রের প্রথম বাংলা উপন্যাস 'দুর্গেশনন্দিনী' মুদ্রিত ও প্রকাশিত হয়। তাঁহার বয়স তখন মাত্র সাতাইশ বৎসর। এই পুস্তক প্রকাশের সঙ্গে সঙ্গে নানা দিক্ হইতে অনুকূল ও প্রতিকূল সমালোচনা হইতে থাকে। সকল সমালোচনার মধ্যে এই কথাটা সুস্পষ্ট হয় যে, বাংলা সাহিত্যে অভাবনীয়ের আবির্ভাব ঘটিয়াছে, ঐ উপন্যাস এবং তাহার লেখককে উপেক্ষা করা সম্ভব নয়। বাংলা ভাষায় লিখিত উপন্যাস পাঠে যে তদানীন্তন ইংরেজী শিক্ষিত, মনে প্রাণে ইংরেজীভাবাপন্ন সম্প্রদায়ও অভিভূত হইতে পারেন, 'দুর্গেশনন্দিনী' প্রকাশের ফলে এই সত্যটাও প্রকাশ হইয়া পড়িল। সংস্কৃত পণ্ডিতদের দ্বারা পরিত্যক্ত ও ইয়ং বেঙ্গল কর্তৃক ঘৃণিত বাংলা ভাষা ও সাহিত্যের—বিশেষ করিয়া গদ্যসাহিত্যের—ঐ ১৮৬৫ খ্রীষ্টাব্দ একটি যুগসন্ধিক্ষণ। উপকরণ সবই ছিল, উপকরণের যথাযথ প্রয়োগে যুগাবতার বঙ্কিমচন্দ্র বাণীমন্দিরে মাতৃভাষার এমন একটা মোহিনী মূর্ত্তির প্রতিষ্ঠা করিলেন যে, নিতান্ত বিমুখ ও অত্যন্ত অলস ব্যক্তিকেও একবার কৌতুক ও কৌতূহলের সহিত চাহিয়া দেখিতে হইল। এক মুহূর্ত্তে বিপুল সম্ভাবনার সূচনা দেখা দিল। তদানীন্তন শিক্ষিত সমাজের পুরোধা 'রহস্য-সন্দর্ভ'-সম্পাদক মনস্বী রাজেন্দ্রলাল মিত্র লিখিলেন—

> বাঙ্গালীতে যত গদ্যকাব্য হইয়াছে, তৎসকলই প্রায় বিদ্যাসুন্দরের ছায়াস্বরূপ বোধ হয়; এবং সেই বিদ্যাসুন্দরও সংস্কৃত চৌরপঞ্চাশতের অনুকরণ মাত্র। ফলে এক্ষণকার গ্রন্থকারেরা আমাদিগের এক প্রাচীনা কুটুম্বিনীর সদৃশ বোধ হন। ঐ কুটুম্বিনীর নিকট আমরা বাল্যকালে "রূপকথা" শুনিতাম, এবং তিনি প্রত্যহ আমাদিগকে কহিতেন "এক রাজার দুই রাণী, সো আর দো, সোকে রাজা বড় ভাল বাসিতেন, দোকে দেখিতে পারিতেন না।" তিনি এক দিবসের নিমিত্তেও এই উপষ্টম্ভের অন্যথা করিতেন না, নবা গ্রন্থকারেরাও সেই রূপ আদর্শের অন্যথা করিতে বিমুখ। রত্নাবলীতে শ্রীহর্ষ নায়কের আদর্শ স্বরূপে বৎসরাজকে পৌরুষ-বিহীন অল্প-বুদ্ধি রোদনশীল কামাতুর বলিয়া বর্ণন করিয়াছেন, তদবধি সেই ভাব নায়ক-মাত্রেতেই দৃষ্ট হয়, কুত্রাপি অন্যথা দেখা যায় না। এই প্রযুক্ত আমরা বঙ্গীয় সাময়িক পত্রের সম্পাদক হইয়াও বাঙ্গালী গদ্যকাব্য-পাঠে অত্যন্ত অনুরাগবিহীন। পরন্তু সম্প্রতি শ্রীযুক্ত বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের দুর্গেশনন্দিনী পাঠ করায় সে বিরাগের দূরীকরণ হইয়াছে।...ইহার কল্পনা, গ্রন্থন, রচনা, সকলই নূতন প্রকারে নিষ্পন্ন হইয়াছে, এবং তাহাতে কাহাকেই চর্ব্বিতচর্ব্বণের ক্লেশ পাইতে হয় না। (২ পর্ব্ব, ২১ খণ্ড, পৃ. ১৩৯-৪০)

ঐ কাম-কণ্টকিত নিষ্ফল গতানুগতিকতার মধ্যে বঙ্কিমচন্দ্রের 'দুর্গেশনন্দিনী' যে আলোড়নের সৃষ্টি করিল, আজিকার দিনে তাহা আমাদের কল্পনার অতীত। কিন্তু বঙ্কিমচন্দ্র তখনও আপন প্রতিভা সম্বন্ধে সম্পূর্ণ সচেতন হন নাই। 'কপালকুণ্ডলা' লিখিতে বসিয়া সে সম্বন্ধে তিনি নিঃসন্দিগ্ধ হন; ফলে মাত্র সাতাশ বৎসর বয়সে তিনি যে গদ্যকাব্য রচনা করেন, সম্পূর্ণ পরিণত বয়সেও তাহার বিশেষ পরিবর্ত্তনের প্রয়োজন বোধ করেন নাই। 'দুর্গেশনন্দিনী' প্রকাশের পর বৎসরেক কাল অতিবাহিত হইতে না হইতে তিনি 'কপালকুণ্ডলা' মুদ্রিত করেন এবং এই পুস্তক প্রকাশের সঙ্গে সঙ্গে অবিসম্বাদিতরূপে বাংলা গদ্যসাহিত্যের শ্রেষ্ঠ লেখক বলিয়া প্রতিষ্ঠা অর্জ্জন করেন। 'কপালকুণ্ডলা' তৎকালীন সমালোচকদের এমনই মুগ্ধ করিয়াছিল যে, পরবর্ত্তী কালে বঙ্কিমের বহু শ্রেষ্ঠ উপন্যাস প্রকাশিত হওয়া সত্ত্বেও অনেকেই 'কপালকুণ্ডলা'কেই বঙ্কিমের শ্রেষ্ঠ কীর্ত্তি বলিয়া ঘোষণা করিয়া গিয়াছেন।

'কপালকুণ্ডলা'র প্রথম সংস্করণের মুদ্রণের তারিখ সংবৎ ১৯২৩ অর্থাৎ ১৮৬৬ খ্রীষ্টাব্দ। ইহা কলিকাতার নূতন সংস্কৃত যন্ত্রে মুদ্রিত হয়। ইহা চারি খণ্ডে বত্রিশটি পরিচ্ছেদে ও ১২৪ পৃষ্ঠায় সম্পূর্ণ হইয়াছিল। পরবর্ত্তী কালে বঙ্কিমচন্দ্র একটি পরিচ্ছেদ (৪র্থ খণ্ড, ১ম পরিচ্ছেদ, "গ্রন্থ খণ্ডারম্ভে") পরিত্যাগ করিয়াছিলেন। তদবধি ইহা একত্রিশ পরিচ্ছেদে সম্পূর্ণ।

বঙ্কিমচন্দ্রের উপন্যাস-সমালোচক গিরিজাপ্রসন্ন রায় চৌধুরী 'কপালকুণ্ডলা' সম্বন্ধে লিখিয়াছেন—

> গ্রন্থখানি দুর্গেশনন্দিনীর ন্যায় অসম্পূর্ণ ও অসংশোধিতা অবস্থায় যন্ত্রস্থ হয় নাই; প্রায় এক বৎসর যাবৎ ইহা গ্রন্থকারের নিকটে থাকিয়া সম্যক্ সংশোধিত হইতে পারিয়াছিল।··· শ্রদ্ধাস্পদ শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার বলেন, এই উপন্যাসখানি বাহির হওয়া মাত্র বঙ্কিম বাবুর যশোরাশি চতুর্দ্দিক বিকীর্ণ হইয়া পড়িল এবং ইতি পূর্ব্বে যাঁহারা বাঙ্গালা গ্রন্থকার বলিয়া খ্যাতাপন্ন ছিলেন, তাঁহাদের সকলেরই যশোজ্যোতিঃ হীনপ্রভ হইয়া পড়িল।

১৮৬০ খ্রীষ্টাব্দের জানুয়ারি মাসে বঙ্কিমচন্দ্র মেদিনীপুরের নেগুয়াঁ মহকুমায় বদলি হন; বর্ত্তমানে এই মহকুমা নাই, কাঁথি মহকুমা হইয়াছে। নেগুয়াঁ কাঁথির সন্নিকট এবং দরিয়াপুর ও চাঁদপুরের অনতিদূরে, সমুদ্রও ১৫।১৬ মাইলের বেশী দূরে নয়। বঙ্কিম-চন্দ্রের কনিষ্ঠ সহোদর পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায় লিখিয়াছেন যে, এই সময় এক জন সন্ন্যাসী কাপালিক মধ্যে মধ্যে নিশীথে তাঁহার সহিত সাক্ষাৎ করিত (বঙ্কিম-প্রসঙ্গ, পৃ. ৭৩-৭৪)।

এই কাপালিক তাঁহাকে পরবর্ত্তী কালে 'কপালকুণ্ডলা'-রচনায় প্রবর্ত্তিত করিয়া থাকিবে; সমুদ্রতীরের বালিয়াড়ি, তৎসন্নিহিত অরণ্যপ্রকৃতির শোভা, রসুলপুর নদীর বিশালতা প্রভৃতির স্মৃতিও 'কপালকুণ্ডলা' পরিকল্পনার উপাদান জোগাইয়া থাকিবে। বঙ্কিমচন্দ্র নেগুয়াঁ হইতে খুলনায় বদলি হইবার কিছু দিন পরে দীনবন্ধু একবার তিন চার দিনের জন্য তাঁহার অতিথি হইয়াছিলেন। পূর্ণবাবু লিখিয়াছেন, এই সময় বঙ্কিম তাঁহাকে প্রশ্ন করিয়াছিলেন, যদি শিশুকাল হইতে কোনও স্ত্রীলোক ষোল বৎসর পর্য্যন্ত সমাজের বাহিরে সমুদ্রতীরে বনমধ্যে কোনও কাপালিক কর্ত্তৃক প্রতিপালিত হয় ও পরে বিবাহ হইলে সমাজ-সংসর্গে আসে, তাহা হইলে তাহার বন্যপ্রকৃতির পরিবর্ত্তন সম্ভব কি না এবং পরবর্ত্তী কালেও কাপালিকের প্রভাব তাহার উপর থাকিবে কি না। দীনবন্ধু কোনও মতামত প্রকাশ করেন নাই। সঞ্জীবচন্দ্র সেখানে উপস্থিত ছিলেন। তিনি রহস্য করিয়া বলেন, যদি দরিদ্র ঘরে তাহার বিবাহ হয়, মেয়েটা চোর হইবে। পরে ব্যঙ্গ ত্যাগ করিয়া বলেন, কিছু কাল সন্ন্যাসীর প্রভাব থাকিবে। পরে সন্তানাদি হইলে স্বামিপুত্রের প্রতি স্নেহ জন্মাইলে সমাজের লোক হইয়া পড়িবে, সন্ন্যাসীর প্রভাব তাহার মন হইতে একেবারে তিরোহিত হইবে। এই উত্তর বঙ্কিমচন্দ্রের মনঃপূত হয় নাই। এই ঘটনার কয়েক বৎসরের মধ্যে 'কপালকুণ্ডলা' প্রকাশিত হয়।*

'কপালকুণ্ডলা'র মতিবিবি-চরিত্রও নাকি বঙ্কিমচন্দ্রের খুল্ল-পিতামহের মুখে শ্রুত কোনও গৃহস্থের কুলত্যাগিনী বধূর গল্প অবলম্বনে অঙ্কিত হয়।† কাঁঠালপাড়া হইতে নৌকাযোগে হুগলী কলেজে যাইতে বঙ্কিমচন্দ্র ও পূর্ণচন্দ্র এক দিবস কি ভাবে নিবিড় কুয়াশার মধ্যে পড়িয়াছিলেন, কি ভাবে মাঝিদের দিগ্‌ভ্রম হইয়াছিল, "বঙ্কিমচন্দ্রের বাল্যকথা"-শীর্ষক প্রবন্ধে পূর্ণচন্দ্র তাহারও উল্লেখ করিয়া 'কপালকুণ্ডলা'র গল্পারম্ভে কুজ্‌ঝটিকার সহিত ইহার সম্পর্কের কথা বলিয়াছেন।‡

'কপালকুণ্ডলা'-রচনার প্রেরণা ও ইতিহাস সম্পর্কে ইহার অধিক আর কিছু জানিবার উপায় নাই।

'কপালকুণ্ডলা'-সম্পর্কে বহু রসিক ও সমালোচক বিস্তৃত আলোচনা করিয়াছেন। বঙ্গভাষা ও সাহিত্য বিষয়ক প্রস্তাব, বক্তৃতা ও ইতিহাসে 'কপালকুণ্ডলা' নানা ভাবে বিশ্লেষিত হইয়াছে। স্বতন্ত্র গ্রন্থাকারেও 'কপালকুণ্ডলাতত্ত্ব' (ললিতকুমার বন্দ্যোপাধ্যায়-কৃত) ও 'কপালকুণ্ডলা চরিত্র সমালোচন' (ভবেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়-কৃত) প্রকাশিত

---

* বঙ্কিম-প্রসঙ্গ পৃ. ৭৩-৭৫। † বঙ্কিম-প্রসঙ্গ, পৃ. ৫০-৫১। ‡ বঙ্কিম-প্রসঙ্গ, পৃ. ৪৮-৪৯।

## ষষ্ঠ পরিচ্ছেদ

—*—

### চরণতলে

"কায় মনঃ প্রাণ আমি সঁপিব তোমারে।
ভুঞ্জ আসি রাজভোগ দাসীর আলয়ে॥"

বীরাঙ্গনা কাব্য

ক্ষেত্রে বীজ রোপিত হইলে আপনিই অঙ্কুর হয়। যখন অঙ্কুর হয়, তখন কেহ জানিতে ারে না—কেহ দেখিতে পায় না। কিন্তু একবার বীজ রোপিত হইলে, রোপণকারী যথায় াকুন না কেন, ক্রমে অঙ্কুর হইতে বৃক্ষ মস্তক উন্নত করিতে থাকে। অদ্য বৃক্ষটী ঙ্গুলিপরিমেয় মাত্র, কেহ দেখিয়াও দেখিতে পায় না। ক্রমে তিল তিল বৃদ্ধি। ক্রমে ক্ষটী অর্দ্ধ হস্ত, এক হস্ত, দুই হস্তপরিমিত হইল; তথাপি, যদি তাহাতে কাহারও ার্থসিদ্ধির সম্ভাবনা না রহিল, তবে কেহ দেখে না, দেখিয়াও দেখে না। দিন যায়, মাস ায়, বৎসর যায়, ক্রমে তাহার উপর চক্ষু প ে। আর অমনোযোগের কথা নাই,—ক্রমে ক্ষ বড় হয়, তাহার ছায়ায় অন্য বৃক্ষ নষ্ট করে,—চাহি কি, ক্ষেত্র অনন্যপাদপ হয়।

লুৎফ-উন্নিসার প্রণয় এইরূপ বাড়িয়াছিল। প্রথম এক দিন অকস্মাৎ প্রণয়ভাজনের হিত সাক্ষাৎ হইল, তখন প্রণয়সঞ্চার বিশেষ জানিতে পারিলেন না। কিন্তু তখনই অঙ্কুর য়া রহিল। তাহার পর আর সাক্ষাৎ হইল না। কিন্তু অসাক্ষাতে পুনঃ পুনঃ সেই ামণ্ডল মনে পড়িতে লাগিল, স্মৃতিপটে সে মুখমণ্ডল চিত্রিত করা কতক কতক সুখকর লয়া বোধ হইতে লাগিল। বীজে অঙ্কুর জন্মিল। মূর্ত্তিপ্রতি অনুরাগ জন্মিল। চিত্তের া এই যে, যে মানসিক কর্ম্ম যত অধিক বার করা যায়, সে কর্ম্মে তত অধিক ্বৃত্তি হয়; সে কর্ম্ম ক্রমে স্বভাবসিদ্ধ হয়। লুৎফ-উন্নিসা সেই মূর্ত্তি অহরহঃ মনে বিতে লাগিলেন। দারুণ দর্শনাভিলাষ জন্মিল; সঙ্গে সঙ্গে তাঁহার সহজস্পৃহাপ্রবাহও াবার্য্য হইয়া উঠিল। দিল্লীর সিংহাসনলালসাও তাঁহার নিকট লঘু হইল। সিংহাসন

যবনীজার। নবকুমার এ পর্য্যন্ত জানিতে পারেন নাই যে, এই রমণী তাঁহার পত্নী।
ফ-উন্নিসা অধোবদনে রহিলেন। নবকুমার তাঁহার হস্ত হইতে বস্ত্রাগ্রভাগ মুক্ত
রিলেন। লুৎফ-উন্নিসা আবার তাঁহার বস্ত্রাগ্র ধরিয়া কহিলেন,

"ভাল, সে যাউক। বিধাতার যদি সেই ইচ্ছা, তবে চিত্তবৃত্তিসকল অতল জলে
াইব। আর কিছু চাহি না, এক একবার তুমি এই পথে যাইও; দাসী ভাবিয়া এক
বার দেখা দিও, কেবল চক্ষুঃপরিতৃপ্তি করিব।"

নব। তুমি যবনী—পরস্ত্রী—তোমার সহিত এরূপ আলাপেও দোষ। তোমার
তে আর আমার সাক্ষাৎ হইবে না।

ক্ষণেক নীরব। লুৎফ-উন্নিসার হৃদয়ে ঝটিকা বহিতেছিল। প্রস্তরময়ী মূর্ত্তিবৎ
স্পন্দ রহিলেন। নবকুমারের বস্ত্রাগ্রভাগ ত্যাগ করিলেন। কহিলেন, "যাও।"

নবকুমার চলিলেন। দুই চারি পদ চলিয়াছেন মাত্র, সহসা লুৎফ-উন্নিসা
তান্মুলিত পাদপের ন্যায় তাঁহার পদতলে পড়িলেন। বাহুলতায় চরণযুগল বদ্ধ করিয়া
তরস্বরে কহিলেন,

"নির্দ্দয়! আমি তোমার জন্য আগ্রার সিংহাসন ত্যাগ করিয়া আসিয়াছি। তুমি
মায় ত্যাগ করিও না।"

নবকুমার কহিলেন, "তুমি আবার আগ্রাতে ফিরিয়া যাও, আমার আশা ত্যাগ কর।"

"এ জন্মে নহে।" লুৎফ-উন্নিসা তীরবৎ দাঁড়াইয়া উঠিয়া সদর্পে কহিলেন, "এ জন্মে
মার আশা ছাড়িব না।" মস্তক উন্নত করিয়া, ঈষৎ বঙ্কিম গ্রীবাভঙ্গি করিয়া,
কুমারের মুখপ্রতি অনিমিষ আয়ত চক্ষু স্থাপিত করিয়া, রাজরাজমোহিনী দাঁড়াইলেন।
অনবনমনীয় গর্ব্ব হৃদয়াগ্নিতে গলিয়া গিয়াছিল, আবার তাহার জ্যোতিঃ স্ফুরিল; যে
জয় মানসিক শক্তি ভারতরাজ্য-শাসনকল্পনায় ভীত হয় নাই, সেই শক্তি আবার
য়তুর্ব্বল দেহে সঞ্চারিত হইল। ললাটদেশে ধমনী সকল স্ফীত হইয়া রমণীয় রেখা
া দিল; জ্যোতির্ম্ময় চক্ষুঃ রবিকরমুখরিত সমুদ্রবারিবৎ ঝলসিতে লাগিল; নাসারন্ধ্র
পিতে লাগিল। স্রোতোবিহারিণী রাজহংসী যেমন গতিবিরোধীর প্রতি গ্রীবাভঙ্গি
য়া দাঁড়ায়, দলিতফণা ফণিনী যেমন ফণা তুলিয়া দাঁড়ায়, তেমনি উন্মাদিনী যবনী মস্তক
দয়া দাঁড়াইলেন। কহিলেন, "এ জন্মে না। তুমি আমারই হইবে।"

সেই কুপিতফণিনীমূর্ত্তি প্রতি নিরীক্ষণ করিতে করিতে নবকুমার ভীত হইলেন।
ফ-উন্নিসার অনির্ব্বচনীয় দেহমহিমা এখন যেরূপ দেখিতে পাইলেন, সেরূপ আর

সকল ম্লান হয় নাই, অৰ্দ্ধচন্দ্ৰকৌমুদীবসনা ধরণীর অঙ্কে নৈশ কুসুমবৎ শোভা পাইতেছে। ার পরিধানে শুক্লাম্বর; সে শুক্লাম্বর অৰ্দ্ধচন্দ্রদীপ্ত আকাশমণ্ডলে অনিবিড় শুক্ল মেঘের া শোভা পাইতেছে।

বর্ণ সেইরূপ চন্দ্রার্দ্ধকৌমুদীময় বটে, কিন্তু যেন পূর্ব্বাপেক্ষা ঈষৎ সমল, যেন কাশপ্রান্তে কোথা কাল মেঘ দেখা দিয়াছে। কপালকুণ্ডলা একাকিনী বসিয়া ছিলেন সখী শ্যামাসুন্দরী নিকটে বসিয়া ছিলেন। তাঁহাদের উভয়ের পরস্পরের কথোপকথন তেছিল। তাহার কিয়দংশ পাঠক মহাশয়কে শুনিতে হইবে।

কপালকুণ্ডলা কহিলেন, "ঠাকুরজামাই আর কত দিন এখানে থাকিবেন?"

শ্যামা কহিলেন, "কালি বিকালে চলিয়া যাইবে। আহা! আজি রাত্রে যদি ঔষধটী য়া রাখিতাম, তবু তারে বশ করিয়া মনুষ্যজন্ম সার্থক করিতে পারিতাম। কালি রাত্রে হর হইয়াছিলাম বলিয়া নাথি ঝাঁটা খাইলাম, আর আজি বাহির হইব কি প্রকারে?"

ক। দিনে তুলিলে কেন হয় না?

শ্যা। দিনে তুলিলে ফল্‌বে কেন? ঠিক্ দুই প্রহর রাত্রে এলো চুলে তুলিতে হয়। ভাই, মনের সাধ মনেই রহিল।

ক। আচ্ছা, আমি ত আজ দিনে সে গাছ চিনে এসেছি, আর যে বনে হয়, তাও থ এসেছি। তোমাকে আজি আর যেতে হবে না, আমি একা গিয়া ঔষধ তুলিয়া নেব।

শ্যা। এক দিন যা হইয়াছে তা হইয়াছে। রাত্রে তুমি আর বাহির হইও না।

ক। সে জন্য তুমি কেন চিন্তা কর? শুনেছ ত, রাত্রে বেড়ান আমার ছেলেবেলা ত অভ্যাস। মনে ভেবে দেখ, যদি আমার সে অভ্যাস না থাকিত, তবে তোমার আমার কখনও চাক্ষুষ হইত না।

শ্যা। সে ভয়ে বলি না। কিন্তু একা রাত্রে বনে বনে বেড়ান কি গৃহস্থের বউ-ভাল। দুই জনে গিয়াও এত তিরস্কার খাইলাম, তুমি একাকিনী গেলে কি রক্ষা হবে?

ক। ক্ষতিই কি? তুমিও কি মনে করিয়াছ যে, আমি রাত্রে ঘরের বাহির লই কুচরিত্রা হইব?

শ্যা। আমি তা মনে করি না। কিন্তু মন্দলোকে মন্দ বল্‌বে।

ক। বলুক, আমি তাতে মন্দ হব না।

সন্ধ্যার পরে গৃহকর্ম্ম কতক কতক সমাপন করিয়া কপালকুণ্ডলা পূর্ব্বমত বনাভিমুখে ৷া করিলেন। কপালকুণ্ডলা যাত্রাকালে শয়নাগারে প্রদীপটী উজ্জ্বল করিয়া গেলেন। নি যেমন কক্ষ হইতে বাহির হইলেন, অমনি গৃহের প্রদীপ নিবিয়া গেল। — Omen

যাত্রাকালে কপালকুণ্ডলা এক কথা বিস্মৃত হইলেন। ব্রাহ্মণবেশী কোন্ স্থানে ক্ষাৎ করিতে লিখিয়াছিলেন? এই জন্য পুনর্ব্বার লিপিপাঠের আবশ্যক হইল। গৃহে ত্যাবর্ত্তন করিয়া যে স্থানে প্রাতে লিপি রাখিয়াছিলেন, সে স্থান অন্বেষণ করিলেন, সে নে লিপি পাইলেন না। স্মরণ হইল যে, কেশবন্ধন সময়ে ঐ লিপি সঙ্গে রাখিবার জন্য রীমধ্যে বিন্যস্ত করিয়াছিলেন। অতএব কবরীমধ্যে অঙ্গুলি দিয়া সন্ধান করিলেন। লিতে লিপি স্পর্শ না হওয়াতে কবরী আলুলায়িত করিলেন, তথাপি সে লিপি পাইলেন । তখন গৃহের অন্যান্য স্থানে তত্ত্ব করিলেন। কোথাও না পাইয়া, পরিশেষে পূর্ব্ব-ক্ষাৎস্থানেই সাক্ষাৎ সম্ভব সিদ্ধান্ত করিয়া পুনর্যাত্রা করিলেন। অনবকাশপ্রযুক্ত সে শাল কেশরাশি পুনর্বিন্যস্ত করিতে পারেন নাই, অতএব আজি কপালকুণ্ডলা অনূঢ়া-লের মত কেশমণ্ডলমধ্যবর্ত্তিনী হইয়া চলিলেন।

## পঞ্চম পরিচ্ছেদ

—*—

### গৃহদ্বারে

> "Stand you awhile apart,
> Confine yourself but in a patient list."
>
> *Othello.*

যখন সন্ধ্যার প্রাক্কালে কপালকুণ্ডলা গৃহকার্য্যে ব্যাপৃতা ছিলেন, তখন লিপি রীবন্ধনচ্যুত হইয়া ভূমিতলে পড়িয়া গিয়াছিল। কপালকুণ্ডলা তাহা জানিতে পারেন ই। নবকুমার তাহা দেখিয়াছিলেন। কবরী হইতে পত্র খসিয়া পড়িল দেখিয়া কুমার বিস্মিত হইলেন। কপালকুণ্ডলা কার্য্যান্তরে গেলে লিপি তুলিয়া বাহিরে গিয়া ঠ করিলেন। সে লিপি পাঠ করিয়া একই সিদ্ধান্ত সম্ভবে। "যে কথা কাল শুনিতে

# বিভিন্ন সংস্করণে 'কপালকুণ্ডলা'র পাঠভেদ

বঙ্কিমচন্দ্রের পুস্তকের বিভিন্ন সংস্করণ মিলাইয়া দেখিতে গিয়া পরিবর্ত্তন-বাহুল্য বিশেষভাবে নজরে পড়ে। এ বিষয়ে তাঁহার কনিষ্ঠ সহোদর পূর্ণচন্দ্র লিখিয়াছেন—

> তাঁহার মতামত চিরদিনই পরিবর্ত্তনশীল ছিল, সেই জন্য তাঁহার গ্রন্থগুলি প্রতি সংস্করণে প্রচুরপরিমাণে পরিবর্ত্তিত হইত। এমন কি, তাঁহার মৃত্যুর কিছুকাল পূর্ব্বে 'ইন্দিরা' উপন্যাসটি আবার rewrite করিবেন, এমন ইচ্ছাও তিনি প্রকাশ করিয়াছিলেন, কিন্তু তাহা ঘটিয়া উঠে নাই।—'বঙ্কিম-প্রসঙ্গ', পৃ. ৩৯।

বঙ্কিমচন্দ্রের জীবিতকালে প্রকাশিত তাঁহার গ্রন্থগুলির ভিন্ন ভিন্ন সংস্করণ মিলাইয়া দেখিলে উপরোক্ত উক্তি সত্য বলিয়াই মনে হয়। বঙ্কিমচন্দ্রের পাণ্ডুলিপিতেও আমরা অনেক কাটাকুটি লক্ষ্য করিয়াছি। 'কপালকুণ্ডলা' তাঁহার দ্বিতীয় মুদ্রিত উপন্যাস; ইহাতেও প্রথম ও পরবর্ত্তী সংস্করণে পার্থক্য আছে। তবে 'কপালকুণ্ডলা'র পরিবর্ত্তন সম্বন্ধে বঙ্কিমের সমসাময়িক সমালোচক গিরিজাপ্রসন্ন রায় চৌধুরী লিখিয়াছেন—

> অদ্যাবধি ইহার সাতটি সংস্করণ হইয়া গিয়াছে। প্রথমেই গ্রন্থকার গ্রন্থখানি ভাল করিয়া দেখিয়া দিতে পারিয়াছিলেন বলিয়া, পরবর্ত্তী সংস্করণে ইহার বিশেষ কোন পরিবর্ত্তন করিতে হয় নাই। সম্প্রতি যে সংস্করণ প্রকাশিত হইল, তাহাতে কিছু পরিবর্ত্তন পরিদৃষ্ট হয়। পরিবর্ত্তন অতি সামান্য এবং সেই সামান্য পরিবর্ত্তনও গ্রন্থের একটি মাত্র চরিত্র—নবকুমারকে লইয়া।—'বঙ্কিমচন্দ্র'। কপালকুণ্ডলা (১৮৮৮), পৃ. ৩।

বঙ্কিমচন্দ্রের জীবিতকালে কপালকুণ্ডলার আটটি সংস্করণ মুদ্রিত হইয়াছিল; ১ম—সংবৎ ১৯২৩ (১৮৬৬), ২য়—সংবৎ ১৯২৬ (১৮৬৯), ৩য়—১৮৭৪, ৪র্থ—১৮৭৮, ৫ম—১৮৮১, ৬ষ্ঠ—১২৯১ বঙ্গাব্দ (১৮৮৪), ৭ম—১৮৮৮, ও ৮ম—১৮৯২। তন্মধ্যে আমরা ১ম, ৩য়, ৭ম ও ৮ম সংস্করণের পাঠ মিলাইয়া দেখিয়াছি। শব্দ ও বিরামচিহ্নের পরিবর্ত্তন, স্থলে স্থলে বাক্য বা বাক্যাংশ যোগ বা বাক্যের আংশিক পরিবর্ত্তন, শব্দ বাক্য বা বাক্যাংশ পরিত্যাগ—অল্পবিস্তর পরবর্ত্তী প্রত্যেক সংস্করণেই আছে; শেষের দুই সংস্করণে পার্থক্য যৎসামান্য এবং ১ম ও ৩য় সংস্করণও প্রায় অভিন্ন। যাহাতে গল্পের ধারার, কোনও বিশেষ চরিত্রের অথবা ঘটনা-সংস্থানের পরিবর্ত্তন ঘটে নাই এমন খুঁটিনাটি সামান্য পরিবর্ত্তন লিপিবদ্ধ করা সম্ভবপর নহে। পূর্ব্ববর্ত্তী সংস্করণের শব্দ ও ভাষাগত অশুদ্ধিও পরবর্ত্তী সংস্করণে যে ভাবে শুদ্ধীকৃত হইয়াছে, তাহার উল্লেখও নিষ্প্রয়োজন।

'কপালকুণ্ডলা' প্রথম সংস্করণ যেরূপ ছিল, পরবর্ত্তী সংস্করণে তাহার স্থানে স্থানে পরিত্যক্ত ও পরিবর্দ্ধিত হইয়াছে, কিন্তু নূতন অংশ সামান্যই যোজিত হইয়াছে। একটি সম্পূর্ণ পরিচ্ছেদ (চতুর্থ খণ্ড, প্রথম পরিচ্ছেদ) সম্পূর্ণ পরিত্যক্ত হইয়াছে এবং কয়েকটি পরিচ্ছেদ অংশত বাদ দেওয়া হইয়াছে। প্রথম ও অষ্টম সংস্করণের পার্থক্যই নিয়ে লিপিবদ্ধ হইল।

প্রথম খণ্ড, তৃতীয় পরিচ্ছেদ—বিজনে। পৃ. ১০, ১২ পংক্তির পর বাদ পড়িয়াছে—

পর্ব্বততলচারী ব্যক্তির উপরে শিখরখণ্ড ভাঙ্গিয়া পড়িলে তাহাকে যেমন একেবারে নিষ্পেষিত করে, এ সিদ্ধান্ত জন্মমাত্র নবকুমারের হৃদয়, সেইরূপ একেবারে নিষ্পেষিত হইল।

এ সময়ে, নবকুমারের মনের অবস্থা যেরূপ হইল, তাহার বর্ণনা অসাধ্য। সঙ্গিগণ প্রাণে নষ্ট হইয়া থাকিবেক, এরূপ সন্দেহে পরিতাপযুক্ত হইলেন বটে, কিন্তু আপনার বিপন্ন অবস্থার সমালোচনায় সে শোক শীঘ্র বিস্মৃত হইলেন। বিশেষ যখন মনে হইতে লাগিল যে, হয়ত সঙ্গীরা তাঁহাকে ত্যাগ করিয়া গিয়াছে, তখন ক্রোধের বেগে শোক দূর হইতে লাগিল।

প্রথম খণ্ড, ষষ্ঠ পরিচ্ছেদ—কাপালিকসঙ্গে। পৃ. ১৭, ২ পংক্তির পর বাদ গিয়াছে—

জগতীয় পদার্থ বা ঘটনা সকলের সম্বন্ধ বিচারাকাঙ্ক্ষী চিত্তমাত্রেরই এক এক দিন কোন বিচিত্র ঘটনায় চমৎকার হেতুক মনোবৃত্তি সকল নিশ্চেষ্ট হইয়া পড়ে; পূর্ব্বের যাবতীয় স্থির-সিদ্ধান্ত সকল উন্মূলিত হয়। নবকুমারের তাহাই হইল। সুতরাং তিনি দ্বার রুদ্ধ করিয়া যে নিশ্চেষ্ট হইবেন, তাহার বিচিত্র কি!

প্রথম খণ্ড, ষষ্ঠ পরিচ্ছেদ—কাপালিকসঙ্গে। পৃ. ১৮, ২৩ পংক্তির পর—

যখন লোকে ইতিকর্ত্তব্য স্থির না করিতে পারে, তখন তাহাদিগকে যে দিকে প্রথম আহূত করা যায়, সেই দিকেই প্রবৃত্ত হয়।

প্রথম খণ্ড, অষ্টম পরিচ্ছেদ—আশ্রয়ে। পৃ. ২২, ৬ পংক্তি 'উপায় নাই।' ইহার পর ৮ পংক্তি 'দুঃখ করিতেন না।' পর্য্যন্ত অংশ নূতন সংযোজিত। প্রথম সংস্করণে ছিল—

কিন্তু অন্ধকারে বনমধ্যে রমণীকে সকল সময় দেখা যায় না; যুবতী এক দিকে ধাবমানা হইলে, নবকুমার অন্য দিকে যান; রমণী কহিলেন, "আমার অঞ্চল ধর।" নবকুমার তাঁহার অঞ্চল ধরিয়া চলিলেন।

জানিতেন, ঔরঙ্গজেব তাঁহাকে প্রাচীন বয়সে কারাবদ্ধ রাখিবেন, তবে তিনি কখন দিল্লীর সিংহাসন স্পর্শ করিতেন না। ভাস্করাচার্য্য যদি জানিতেন যে, তাঁহার একমাত্র কন্যা চিরবিধবা হইবে, তবে তিনি কখন দারপরিগ্রহ করিতেন না। নবকুমার বা তাঁহার নূতন পত্নী যদি জানিতেন যে, তাঁহাদিগের বিবাহে কি ফলোৎপত্তি হইবে, তবে কখন তাঁহাদিগের বিবাহ হইত না।

দ্বিতীয় খণ্ড, দ্বিতীয় পরিচ্ছেদ—পান্থনিবাসে। পৃ. ৩২, প্রথম অনুচ্ছেদের পূর্ব্বে ছিল—

আমি বলিয়াছি, নবকুমারের সঙ্গিনী অসামান্য রূপসী। এ স্থলে, যদি প্রচলিত প্রথানুসারে তাঁহার রূপবর্ণনে প্রবৃত্ত না হই, তবে পুরুষ পাঠকেরা বড়ই ক্ষুণ্ণ হইবেন। আর যাঁহারা স্বয়ং সুন্দরী, তাঁহারা পড়িয়া বলিবেন, "তবে বুঝি মাগী পাঁচপাচি!" সুতরাং এই কামিনীর রূপ বর্ণনে আমাকে প্রবৃত্ত হইতে হইল। কিন্তু কি লইয়াই বা তাঁহার বর্ণনা করি? কখন কখন বটতলার মা সরস্বতী আমার স্কন্ধে চাপিয়া থাকেন। তাঁহার অনুগ্রহে কতকগুলিন ফলমূলের ডালি সাজাইয়া রূপ বর্ণনার কার্য্য এক প্রকার সাধন করিতে পারি, কিন্তু পাছে দাড়িম্ব রম্ভা ইত্যাদি নাম শুনিয়া পাঠক মহাশয়ের জঠরানল জ্বলিয়া উঠে, এই আশঙ্কায় সে চেষ্টায় বিরত রহিলাম।

দ্বিতীয় খণ্ড, তৃতীয় পরিচ্ছেদ—সুন্দরীসন্দর্শনে। পৃ. ৩৭, প্রথম পংক্তির 'নবকুমারের চক্ষু অস্থির হইল।' ইহার পর বাদ গিয়াছে—

অধিকাংশ স্ত্রীলোক বহুস্বর্ণখচিত হইলে প্রায় কিছু শ্রীহীনা হয়;—অনেকেই সজ্জিতা পুত্তলিকার দশা প্রাপ্ত হয়েন;—কিন্তু মতিবিবিতে সে শ্রীহীনতা বা দশা দৃষ্ট হইবার সম্ভাবনা ছিল না।

দ্বিতীয় খণ্ড, তৃতীয় পরিচ্ছেদ—সুন্দরীসন্দর্শনে। পৃ. ৩৭, ১৭ পংক্তির 'মোচন করিতে লাগিলেন।' ইহার পর বাদ গিয়াছে—

নবকুমার জিজ্ঞাসা করিলেন, "কি করিতেছ?" মতি কহিলেন, "দেখুন না।"

দ্বিতীয় খণ্ড, ষষ্ঠ পরিচ্ছেদ—অবরোধে। পৃ. ৪৪, ১৯ পংক্তির পর বাদ গিয়াছে—

শ্যামা কুলীনপত্নী।

